**2024**

Diploma Course in Bengali Language (DCBL)

**Second Semester : 4th paper**

Textual Glimpses of Bengali Literature

Full Marks: 80 Time: 3 hours

**২০২৪**

বাংলা ভাষা ডিপ্লোমা পাঠক্রম

**দ্বিতীয় ষাণ্মাসিক : ৪র্থ পত্র**

বাংলা সাহিত্যের পাঠকৃতি

পূর্ণমান: ৮০ সময়: ৩ ঘণ্টা

**(১)** উত্তর দিন (যে কোনও **পাঁচটি**) : - ১ x ৫ = ৫

ক) কোন্ ইউরোপীয় কবির কাব্যরীতি অনুসরণ করে মাইকেল মধুসূদন দত্ত কাব্যরচনা শুরু করেছিলেন?

খ) সনেট কবিতাকে বাংলায় কী বলা হয়?

গ) কবিগুরু দুঃখের মুহূর্তে সান্ত্বনার পরিবর্তে কী প্রার্থনা করেন?

ঘ) বিপদে রক্ষা করো নয় বিপদে কবির প্রার্থনাটা কী?

ঙ) কাণ্ডারী হুঁশিয়ার কবিতায় ‘যাত্রী’ বলতে কাদের বোঝানো হয়েছে?

চ) কাণ্ডারী হুঁশিয়ার কবিতার কবি কে?

**(২)** প্রশ্নানুযায়ী উত্তর লিখুন : - ২ + ২ + ১ = ৫

ক) করিনু, আচরি, কয়েদিলা (কাব্যিক শব্দগুলোর আধুনিক গদ্যরূপ লিখুন- যে কোনও দু’টি)

খ) যে কোনও দু’টির অর্থ লিখুন শকতি, ধরা, হিম্মৎ।

গ) শূন্যস্থান পূর্ণ করুন : -

আমাদের জাতীয় সঙ্গীত লেখার সময়কাল ____ (১৯০৫/১৯১১/১৯১২)।

অপর পৃষ্ঠায় দেখুন

**(৩)** নীচে উল্লিখিত কবিতার পঙক্তিগুলোর বক্তা কে? কবিতার নাম লিখুন (যে কোনও **তিনটি**) : - ২ x ৩ = ৬

ক) পরধন লোভে মত্ত করিনু ভ্রমণ।

খ) যা ফিরি, অজ্ঞান তুই, যারে ফিরি ঘরে।

গ) বিপদে মোরে রক্ষা করো এ নহে মোর প্রার্থনা

ঘ) ‘কে আছো জোয়ান হও আগুয়ান হাঁকিছে ভবিষ্যৎ।‘

**(৪)** উত্তর লিখুন (যে কোনও **দু’টি**) : - ২ x ২ = ৪

ক) মাতৃভাষার স্বরূপ উপলব্ধি করে কবি মাইকেল মধুসুদন দত্ত কীভাবে লাভবান হন?

খ) বিপদ থেকে মুক্তি লাভের জন্য কোন্ তিনটি জিনিসের প্রয়োজন আছে বলে কবিগুরু মনে করেন?

গ) কাণ্ডারী হুঁশিয়ার কবিতায় কাণ্ডারী কে? কোন্ প্রেক্ষাপটে কবিতাটি লেখা হয়েছে?

**(৫)** সংক্ষেপে উত্তর লিখুন (যে কোনও **ছয়টি**) : - ১ x ৬ = ৬

ক) ‘পথের পাঁচালী’র লেখকের নাম লিখুন।

খ) অপুর পিতা ও মাতার নাম লিখুন।

গ) ‘পাদটীকা’ গল্পের স্থানটির নাম উল্লেখ করুন।

ঘ) ‘পথের পাঁচালী’র যমজ সংস্করণ কোনটি?

ঙ) প্রসন্ন মাস্টারের পাঠদানের উপাদান কী ছিল?

চ) ‘মর্কট’ শব্দের অর্থ লিখুন।

ছ) ‘পাদটীকা’ গল্পের পাকা ছেলেটির নাম লিখুন।

জ) ‘নিমগাছ’ গল্পটির মুখ্য চরিত্র কে গাছ না কবি, না আর কেউ?

**(৬)** যে কোনও **দু’টি** প্রশ্নের উত্তর লিখুন : - ৩ x ২ = ৬

ক) প্রসন্ন মাস্টার ছাত্রদের পড়ানোর ফাঁকে ফাঁকে কী কাজ করতেন? পাঠশালা সম্বন্ধে অপুর কী ধারণা ছিল?

খ) সান্যাল মশায় কে ছিলেন? তাঁর বৈশিষ্ট্য কী ছিল?

গ) এন. ডি. বিটসন বেলের আসল নাম কী? তাঁর পরিচয় দিন।

**(৭)** শূন্যস্থান পূর্ণ করুন (যে কোনও **চারটি**) : - ১ x ৪ = ৪

ক) পাদটীকা গল্পে উল্লিখিত নদীটির নাম ____।

খ) বনফুলের প্রকৃত নাম ছিল ____।

গ) নীল কণ্ঠতে যাহার ____।

ঘ) লাটসাহেবের কুকুরের ____টা ঠ্যাং ছিল।

ঙ) পণ্ডিত মশায়ের মাইনে ছিল ---- টাকা।

**(৮)** সংক্ষেপে যে কোনও **একটি**র উত্তর লিখুন : - ২ x ১ = ২

ক) শিশু ও কিশোর সাহিত্য বলতে কী বোঝায়?

খ) শিক্ষা প্রতিষ্ঠানগুলোর মড়ক লেগেছিল বলতে কী বোঝানো হয়েছে?

গ) কবিরাজরা নিমগাছের কেন প্রশংসা করতেন?

**(৯)** বামদিকের সঙ্গে ডানদিক মেলান : - ১/২ x ৪ = ২

| | | |
|---|---|---|
| ক) | আরণ্যক | বনফুল। |
| খ) | টুনি মেম | বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়। |
| গ) | আবোল-তাবোল | সৈয়দ মুজতবা আলী। |
| ঘ) | ভুবন সোম | সুকুমার রায়। |

**(১০)** যে কোনও **পাঁচটি** প্রশ্নের উত্তর লিখুন : - ১ x ৫ = ৫

ক) ‘কেকাধ্বনি’ বলতে কী বোঝায়?

খ) মত্ত দাদুরি ডাকে ডাহুকী ‘দাদুরি’ শব্দের অর্থ লিখুন।

গ) কবি বিদ্যাপতির রচনার ভাষা কী ছিল?

ঘ) ‘হক’ এবং ‘স্মীভ্’ দেশভ্রমণের জন্য কোথায় গিয়েছিলেন?

ঙ) ‘হারানো দিন, হারানো মানুষ’ কী ধরনের গ্রন্থ?

চ) ‘কেউটের ছোবল’ বইটি কার লেখা?

**(১১)** যে কোনও **দু’টি** প্রশ্নের উত্তর দিন : - ৩ x ২ = ৬

ক) দেব সাহিত্য কুটীর কী ধরনের বই বের করত?

খ) জীবনী ও আত্মজীবনীর মধ্যে পার্থক্য কী?

গ) ভোম্বল কে? তার পরিচয় দিন।

**(১২)** টীকা লিখুন: (যে কোনও **দু’টি**) : - ২ x ২ = ৪

ক) কালিদাস খ) হাবুলচান্দোর গ) ষড়ঋতু

 অপর পৃষ্ঠায় দেখুন

**(১৩)** শুদ্ধ উত্তরটি বের করে শূন্যস্থানে বসান : - ১ x ৫ = ৫

ক) জয়দেব ছিলেন দ্বাদশ শতকের ____ (সংস্কৃত/বাঙালি) কবি।

খ) ‘মুক্তির পথ’ নিবন্ধটির লেখক ____ (এস. ওয়াজেদ আলী/সুজিৎ চৌধুরী)।

গ) কাফ্রিদের হাত থেকে ____ (হক/স্মীভ্) বেঁচে এসেছিলেন।

ঘ) নববর্ষার প্রবল উন্মত্ততার নিখাদ সুর হল ____ (কেকাধ্বনি/মত্ত দাদুরি)।

ঙ) কৈশোরক ____ (ছোটদের/বড়দের) জন্য একটি কিশোর পাক্ষিক, যার লেখক ছিলেন খগেন্দ্র মিত্র।

**(১৪)** সংক্ষেপে উত্তর লিখুন: (যে কোনও **দু’টি**) : - ৩ x ২ = ৬

ক) অনূদিত সাহিত্য সম্বন্ধে উদাহরণ সহ লিখুন।

খ) ‘তৃতীয় নেত্র’ গল্পটি কার রচিত? গল্পটির মুখ্য চরিত্র কে? বৃদ্ধ শিল্পী আয়না দেখতেন কেন?

গ) ‘নামাই’ শব্দের অর্থ লিখুন। জুমে কী ফলন হয়? ডিমাসা গল্পটি কোন্ সূত্রে প্রাপ্ত?

**(১৫)** উত্তর লিখুন: (যে কোনও **দু’টি**) : - ২ x ২ = ৪

ক) জুম চাষ কীভাবে করা হয়?

খ) মাছ পেয়ে চাওবা কী পরিকল্পনা করেছিল?

গ) লোককথা বলতে কী বোঝায়? আপনাদের পাঠে উল্লিখিত কোন্ গল্পটি লোককথার মধ্যে পড়ে?

ঘ) ‘নামাই’, ‘তৃতীয় নেত্র’ এবং ‘একটি ইলিশের স্বাদ’ গল্পগুলি কোন্ কোন্ ভাষা থেকে অনূদিত হয়েছে?

**(১৬)** সংক্ষেপে উত্তর লিখুন (যে কোনও **দু’টি**) : - ৩ x ২ = ৬

ক) সাজাহান কে? তাঁর পুত্রদের নাম লিখুন।

খ) ‘কিন্তু তুইও এর মধ্যে যা’ উক্তিটি কার? কখন, কাকে এবং কেন বলা হয়েছে?

গ) নাট্যকার দ্বিজেন্দ্রলাল রায় সম্বন্ধে একটি টীকা লিখুন।

**(১৭)** টীকা লিখুন (যে কোনও **দু’টি**) : - ২ x ২ = ৪

রঙ্গমঞ্চ, নাদিরা, পরভেজ, সিপার।

- শেষ পৃষ্ঠা -